

বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর দেশের একমাত্র অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠান এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক জাতীয় সংরক্ষণাগার প্রতিষ্ঠান। এই জাদুঘরে বিজ্ঞানের বিভিন্ন তথ্য সম্বলিত বিষয়ে বিভিন্ন গ্যালারি রয়েছে। তন্মধ্যে তথ্য প্রযুক্তি গ্যালারি অন্যতম। যেখানে বাংলাদেশের প্রথম কম্পিউটার IBM-1620 সহ পুরাতন বিভিন্ন কম্পিউটারের মডেল, বিভিন্ন ধরনের প্রিন্টার, বিভিন্ন ধরনের স্টোরেজ ডিভাইস, বিভিন্ন ধরনের মনিটর ও অন্যান্য তথ্য প্রযুক্তির সামগ্রী রয়েছে। সংগৃহীত সামগ্রীর মধ্যে কম্পিউটারের ধারাবাহিক বিবর্তনের অনেক প্রয়োজনীয় সামগ্রী এ প্রতিষ্ঠানে সংগৃহীত নাই। কম্পিউটার ও তার সামগ্রীর বিবর্তন এবং তথ্য প্রযুক্তির ক্রমবর্ধমান বিকাশ বিষয়ে শিক্ষার্থী ও গবেষকদের জ্ঞান সমৃদ্ধকরণ ও গবেষণা কাজে সহযোগিতার জন্য কম্পিউটার সামগ্রীর প্রজন্ম ভিত্তিক বিবর্তনের আকারে সাজানো প্রয়োজন।

এমতাবস্থায় কোন ব্যক্তি/ প্রতিষ্ঠানে যেকোন প্রজন্মের পুরাতন কম্পিউটার বা তার সামগ্রী অব্যবহৃত থাকলে সে সম্পর্কে তথ্যসহ উহা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক বরাবর প্রদানের সানুগ্রহ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে, তাঁর / তাঁর প্রতিষ্ঠানের নাম সৌজন্য আকারে উপস্থাপনের জন্য উক্ত তথ্যসহ প্রদর্শন করা হবে।

যোগাযোগঃ

এস. এম. আবু হান্নান

সহকারী কিউরেটর

ফোনঃ ০১৯১৫১৭৭৮২

ই-মেইলঃ inforfst@gmail.com